-৯২-

<u>বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং বিষয়ক জেলা কমিটির মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীম আহমেদ<br>জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী |
| সভার স্থান | : | জেলা প্রশাসক, রাজশাহীর সভা কক্ষ |
| তারিখ ও সময় | : | ১৪ মে, ২০২৩ খ্রি: সকাল ১০:২০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট-'ক')

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা উপস্থাপন করেন।

<u>আলোচ্য সূচি</u>-(১); গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভায় গত ১১.০৪.২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি (২); বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির পরামর্শ বিষয়ে আলোচনা: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীর অধীন ০৭টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র রয়েছে। বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিষ্ট অনুযায়ী বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করা হয়। উল্লেখ্য যে এপ্রিল, ২০২৩ মাসে আসক্ত পুনর্বাসন সংস্থা(আপস) ও আপন ভূবন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করা হয়েছে। প্রতিষ্ঠান ০২(দুই)টির সার্বিক কার্যক্রম সন্তোষজনক।

<u>আলোচ্য সূচি</u>- (৩); সদস্য সচিব, উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী জানান, ০৭টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মার্চ, ২০২৩ ও এপ্রিল, ২০২৩ মাসের মাদকাসক্ত ভর্তিকৃত রোগী, ছাড়কৃত রোগী এবং অবশিষ্ট রোগী সংক্রান্ত নিম্নরুপ তথ্য উপস্থাপন করেন।

| নিরাময় কেন্দ্রের সংখ্যা | বেড সংখ্যা | মার্চ, ২৩ মাসে বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা | এপ্রিল, ২৩ মাসে বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা | মার্চ, ২৩ মাসে কেন্দ্রে ভর্তিকৃত রোগীর সংখ্য | এপ্রিল, ২৩ মাসে কেন্দ্রে ভর্তিকৃত রোগীর সংখ্য | মার্চ,২৩ মাসে ছাড়কৃত রোগীর সংখ্যা | এপ্রিল,২৩ মাসে ছাড়কৃত রোগীর সংখ্যা | মার্চ, ২৩ মাসে অবশিষ্ট রোগীর সংখ্যা | এপ্রিল, ২৩ মাসে অবশিষ্ট রোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭টি | ১৩০ | ১০৫ | ১১৬ | ৬৩ | ৪৮ | ৫২ | ৪৩ | ১১৬ | ১২১ |

ভর্তিকৃত রোগীদের অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করে জানা যায় যে, তারা হেরোইন, ফেনসিডিল, ইয়াবা, গাঁজা ও ঘুমের ঔষধ সেবন/ব্যবহার করত। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১ অনুযায়ী নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করা হয়। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীর আওতাধীন ০৪(চার)টি প্রতিষ্ঠান অর্থাৎ আসক্ত পূনর্বান সংস্থা(আপস), বাঁচতে চাই সোসাইটি, নতুন ভূবন ও আপন ভূবন, মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ৩,৮০,০০০/- (তিন লক্ষ আশি হাজার) টাকা করে মোট- ১৫,২০,০০০/-(পনের লক্ষ বিশ হাজার) টাকার অনুদানের চেক গত ১৮ এপ্রিল, ২০২৩ তারিখে বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়ের মাধ্যমে প্রদান করা হয়েছে। উক্ত অনুদানের অর্থ "বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২২" অনুসারে চিকিৎসা সেবার মান উন্নয়নে ব্যয় করতে হবে।

সিদ্ধান্ত : সভাপতি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথভাবে মনিটরিং বিষয়ক জেলা কমিটির সদস্যগণ পর্যায়ক্রমে পরিদর্শন করে সেবার মান, সক্ষমতা বৃদ্ধি ও অনুদানের অর্থ যথাযথভাবে ব্যয় হচ্ছে কিনা তা মনিটরিং করার পরামর্শ প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৫/২০২৩

(শামীম আহমেদ)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি, রাজশাহী
টেলিফোন: ০২৮৮৮-৫৭০৫০
E-mail : dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

Email:rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং-৫৮.০২.৮১০০.১৩৭.০১.০০১.২২-৮১৭ তারিখ ঃ ২১/০৫/২০২৩ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। পুলিশ সুপার, রাজশাহী।
৪। সিভিল সার্জন, রাজশাহী।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
৬। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৭। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ( ), রাজশাহী।
৯। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
১০। উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, রাজশাহী।
১১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
১২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী।
১৩। জনাব আকবারুল হাসান মিল্লাত, ভারপ্রাপ্ত সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী।
১৪। নির্বাহী পরিচালক, আসক্ত পুনর্বাসন সংস্থা (আপস), মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী।
১৫। নির্বাহী পরিচালক, বাঁচতে চাই সোসাইটি, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী।
১৬। অফিস কপি।

(মো: আলমগীর হোসেন)
উপপরিচালক
ও
সদস্য সচিব
জেলা বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মনিটরিং কমিটি, রাজশাহী।
ফোন নং-০২৫৮৮৮০০০৮৩।

পরিশিষ্ট 'ক'

মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং কমিটির সভার উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ-

| ক্রঃ নং | কমিটির সদস্য | উপস্থিত সদস্য/প্রতিনিধির নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) সর্বজনাব | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পুলিশ সুপার, রাজশাহী | এবিএম মাসুদ হোসেন, পুলিশ সুপার, রাজশাহী | উপস্থিত |
| ২ | সিভিল সার্জন, রাজশাহী | ডা. আবু সাইদ মোহাম্মদ ফারুক, সিভিল সার্জন, রাজশাহী | ঐ |
| ৩ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী | সাবিহা সুলতানা, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী | ঐ |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর | সাবিহা ফাতেমাতুজ্জ জোহরা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মোহনপুর, রাজশাহী | ঐ |
| ৫ | উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী | সঞ্জয় কুমার মহন্ত, উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী | ঐ |
| ৬ | উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা | এ, এফ, এম, আবু সুফিয়ান, উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী | ঐ |
| ৭ | উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া | নূরুল হাই মো: আনাছ পিএএ, উপজেলা নির্বাহী কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী | ঐ |
| ৮ | উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট | মো: সোহরাব হোসেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চারঘাট, রাজশাহী | ঐ |
| ৯ | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর | মো: সোহেল রানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, দুর্গাপুর, রাজশাহী | ঐ |
| ১০ | জেলা শিক্ষা অফিসার, রাজশাহী | সেলিম আব্দুল্লাহ আল মাহমুদ, সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিসার, রাজশাহী | প্রতিনিধি |
| ১১ | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী | মোছাঃ হাসিনা মমতাজ, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজশাহী | উপস্থিত |
| ১২ | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী | শবনম শিরিন, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী | ঐ |
| ১৩ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী | মোহাঃ আলম আলী, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী | ঐ |
| ১৪ | নির্বাহী পরিচালক, আসক্ত পুনর্বাসন সংস্থা (আপস), মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | মো: আবুল বাশার, নির্বাহী পরিচালক, আসক্ত পুনর্বাসন সংস্থা (আপস), মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | ঐ |
| ১৫ | নির্বাহী পরিচালক, বাঁচতে চাই সোসাইটি, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | মো: হাসান-আল-ফারুখ, জুনিয়র অফিসার, বাঁচতে চাই সোসাইটি, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | প্রতিনিধি |

পরিশিষ্ট 'খ'

মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথ মনিটরিং কমিটির সভার অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ-

| ক্রঃ নং | অনুপস্থিত সদস্য | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, পবা | |
| ৩ | উপজেলা নির্বাহী অফিসার, তানোর | |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার, বাঘা | |
| ৫ | **জনাব আকবারুল হাসান মিল্লাত, ভারপ্রাপ্ত সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী** | |